# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 01 June, 2025

বাংলাদেশকে উৎপাদন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে চীনা বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

রোববার (১ জুন) দুপুরে রাজধানীর মাল্টি পারপাস হলে চীনা বিনিয়োগকারীদের নিয়ে আয়োজিত দিনব্যাপী চীন-বাংলাদেশ ব্যবসা ও বিনিয়োগ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

চীনা বিনিয়োগকারীদের উদ্দেশে প্রধান উপদেষ্টা বলেন, ‘বাংলাদেশকে ম্যানুফ্যাকচারিং হাব বানাতে আপনারা এখানে বিনিয়োগ করুন। এখানে তৈরি পোশাক, জ্বালানি, কৃষি, পাট, তথ্য প্রযুক্তি সম্ভাবনাময় শিল্প।

বাংলাদেশের আহ্বানে সাড়া দিয়ে উচ্চ পর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধি দল পাঠানোর জন্য চীনা প্রেসিডেন্ট শি জিনপিংকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, ‘বাংলাদেশের মোট জনশক্তির অর্ধেকের বয়স ৩০ বছরের নিচে।এই তরুণরা কাজে যোগ দিতে প্রস্তুত।

তরুণ প্রজন্মকে কাজ লাগানোর জন্য চীনা ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান ড. ইউনূস।নতুন বাংলাদেশ বিনির্মাণে অন্তর্বর্তী সরকারের সঙ্গে অংশ নিতে চীনা বিনিয়োগকারীদের আহ্বান জানান তিনি।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:59

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/3211820911